মেহেরপুর কলেজ মোড়ে ইয়ারুল ক্যাফে এন্ড রেস্টুরেন্টের উদ্বোধন

মেহেরপুর কলেজ মোড়ে ইয়ারুল ক্যাফে এন্ড রেস্টুরেন্ট এর উদ্বোধন করা হয়। শুক্রবার সন্ধ্যার সময় মেহেরপুর কলেজ মোড়ে এর উদ্বোধন করা হয়।

এ সময় ইয়ারুল ক্যাফে এন্ড রেস্টুরেন্টের স্বত্বাধিকারী প্রোপাইটার মোঃ ইয়ারুল ইসলাম, কবির, লিটন, বাবু, সামাদ, মিন্টু, শাহজাহান সহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণ করে।

ইয়ারুল ক্যাফে এন্ড রেস্টুরেন্টের স্বত্বাধিকারী প্রোপাইটার মোঃ ইয়ারুল ইসলাম বলেন আমার এখানে থাই চাইনিজ, ফাস্টফুড সকল আইটেম এবং নান গ্রিল এর বিশেষ আইটেম ইত্যাদি পাওয়া যাবে।

এ সময় ফিতা কেটে মোনাজাতের মাধ্যমে উদ্বোধন ঘোষণা করা হয়।

মুজিবনগরে হেরোইন সহ ২ জন আটক

মুজিবনগরে হেরোইসহ দুজনকে আটক করেছে থানা পুলিশ। গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মেহেদী রাসেলের নেতৃত্বে এসআই উত্তম কুমার এস আই সাহেব আলী সংঙ্গীয় ফোর্স অভিযান চালিয়ে উপজেলার দারিয়াপুর গ্রাম থেকে ৩ গ্রাম হেরোইন সহ দারিয়াপুর গ্রামের কাবীদুলের ছেলে তুহিন
(২৩) এবং একই গ্রামের বকুলের ছেলে আব্দুল আজিজ (২১) কে আটক করা হয়।

উদ্ধারকৃত হেরোইন এর মূল্য অনুমান ৩০,০০০/ টাকা। গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

গাংনীতে বিভিন্ন বাহিনীর পরিচয় দানকারী প্রতারক আটক

বিভিন্ন বাহিনীর পরিচয় দিয়ে প্রতারণা করার অভিযোগে মেহেরপুরের গাংনী থেকে জাহিদুল ইসলাম ওরফে জাহিদ (২৮) নামে এক যুবককে আটক করেছে র্যাব।

গতকাল বৃহস্পতিবার দিবাগত রাতে র্যাব-১২ সিপিসি-মেহেরপুর ক্যাম্প কমাণ্ডার সহকারী পুলিশ সুপার মো. গোলাম ফারুকের নেতৃত্বে র্যাবের একটি দল উপজেলার আকুবগ্রামে অভিযান চালিয়ে তার নিজ বাড়ি থেকে তাকে আটক করে। আটক জাহিদ ওই গ্রামের উসমান খাজার ছেলে।

আজ শুক্রবার সকাল পৌনে ৮টার দিকে সিপিসি- মেহেরপুর র্যাব-১২-র সিনিয়র সহকারী পুলিশ সুপার কমান্ডার মো. গোলাম ফারুক এক প্রেসবিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেছেন।

প্রেসবিজ্ঞপ্তির সূত্রে জানা গেছে, র্যাবের একটি টহল দল গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার আকুবপুর গ্রামে অভিযান পরিচালনা করে বিভিন্ন বাহিনীর ভুয়া পরিচয়ে প্রতারণার অভিযোগে জাহিদকে আটক করে।

এ সময় তার কাছ থেকে চাবিসহ একটি সরকারি পুরাতন হ্যান্ডকাপ, বাংলাদেশ জেল লেখা একটি কালো রঙের বেল্ট, বিজিবি’র একটি ফিল্ডক্যাপ, আর্মড পুলিশ ব্যাটালিয়নের একটি ফিল্ড ক্যাপ, পিস্তল সদৃশ কালো কভারযুক্ত একটি খেলনা, যার ভেতরে চাকু সংযুক্ত ম্যাগাজিন রয়েছে, পুলিশ লেখা সম্বলিত একটি মাস্ক, দুটি সিম কার্ডসহ একটি মোবাইল উদ্ধার করা হয়।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে ওই যুবক দীর্ঘদিন যাবত সরকারি হ্যান্ডকাপ, বেল্ট, ফিল্ড ক্যাপ, খেলনা পিস্তল ব্যবহার করে প্রতারনাসহ বিভিন্ন রকম অপরাধমূলক কর্মকাণ্ড সংঘটিত করে আসছিল বলেও জানান র্র্যাবের এ কর্মকর্তা।

প্রতারক জাহিদের বিরুদ্ধে মামলা দায়ের করে গাংনী থানা পুলিশের

কাছে তাকে হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুর সরকারি কলেজে সাংস্কৃতিক চর্চা কেন্দ্র কমিটির অনুমোদন

মেহেরপুর সরকারি কলেজে সাংস্কৃতিক চর্চা কেন্দ্র কালচারাল সেন্টারের কমিটি ঘোষণা করা হয়। বৃহস্পতিবার সকালে মেহেরপুর সরকারি কলেজে ঘোষণা করা হয়।

মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর মোহাম্মদ শফিউল ইসলাম সরদার রাষ্ট্রবিজ্ঞানের বিভাগীয় প্রধান আব্দুল্লা আল-আমিন ধুমকেতু, অর্থনীতি বিভাগের বিভাগীয় প্রধান হাবিবুর রহমান, প্রভাষক বশির আহমেদ উপস্থিত ছিলেন।

সাংস্কৃতিক চর্চা কেন্দ্র কালচারাল সেন্টারের সভাপতি হিসেবে ফারহানা কানিজ তথাপি, সহ-সভাপতি হিসেবে হাবিবা খাতুন, সহ-সভাপতি হিসেবে লিমা আক্তার, সাধারণ সম্পাদক হিসেবে সম্রাট জাহাঙ্গীর, যুগ্ম সাধারণ সম্পাদক হিসেবে মোঃ আনিক হাসান, যুগ্ম সাধারণ সম্পাদক হিসেবে রিদিওয়ানুল হক মুজাহিদ, নাট্যকলা বিষয়ক সম্পাদক হিসেবে হাদিউজ্জামান হিপু, নৃত্যকলা ও সংগীত বিষয়ক সম্পাদক হিসেবে মাকছুরাতুম লাজ, শিক্ষাও পাঠচক্র বিষয়ক সম্পাদক হিসেবে ফারজানা ইয়াসমিন জুঁই, সাহিত্য ও আবৃতি বিষয়ক সম্পাদক হিসেবে মাইশা ফারজানা ঐশী, দপ্তর সম্পাদক হিসেবে মিমি আফসানা, অর্থ সম্পাদক হিসেবে মোঃ ফারুক, প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক হিসেবে মোহাম্মদ সান, নির্বাহী সদস্য হিসেবে সাজিদুল ইসলাম, সাকিব আল হাসান, মোহাম্মদ টনি আলী, নাফিয়া ইসলাম, ইকরামুল হক প্রমুখ।

এর পর মেহেরপুর সরকারি কলেজ শহীদ মিনারে নবগঠিত কমিটির সদস্যদের নিয়ে পুষ্প অর্পণ করা হয়।

মেহেরপুরে আন্তঃ শেখ কামাল স্কুল ও মাদ্রাসা অ্যাথলেটিকস প্রতিযোগিতার উদ্বোধন

মেহেরপুরে আন্তঃ শেখ কামাল স্কুল ও মাদ্রাসা অ্যাথলেটিকস প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালের দিকে মেহেরপুর স্টেডিয়াম মাঠে জাতীয় পতাকা উত্তোলন, বেলুন ও কবুতর উড়িয়ে মেহেরপুর জেলা পর্যায়ে শেখ কামাল আন্তঃ স্কুল ও মাদ্রাসা অ্যাথলেটিকস প্রতিযোগিতার উদ্বোধন করা হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) লিউজা-উল জান্নাহ’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত জেলা প্রশাসক ড.মুহাম্মদ মুনসুর আলম খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন।

সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সাজেদুল ইসলামের সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ ওবায়দুল্লাহ, এনডিসি গোলাম রাব্বানী, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রনি খাতুন, রিফাত জাহান, আবির হোসেন, সুমাইয়া জাহান ঝুরকা, জেলা ক্রীয়া অফিসার আরিফ আহমেদ, জেলা শিক্ষা অফিসের গবেষণা কর্মকর্তা আখতারুজ্জামান, সদর উপজেলা একাডেমিক সুপারভাইজার আনারুল ইসলাম, আশরাফপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তাজউদ্দীন প্রমুখ।

জেলা পর্যায়ে খেলায় ৩ উপজেলার প্রথম দ্বিতীয় এবং তৃতীয় স্থান অর্জনকারীরা অংশগ্রহণ করছে।

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির ৩৪ তম বার্ষিক সাধারণ সভা

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির ৩৪ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে মেহেরপুর পল্লী বিদ্যুৎ দপ্তর প্রাঙ্গনে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

সমিতি পরিচালনা বোর্ডের সভাপতি ও এলাকা পরিচালক মোঃ জেনারুল ইসলামের সভাপতিত্বে উপস্থিত ছিলেন জেনারেল ম্যানেজার মোঃ আবু রায়হান, ডিজিএম প্রকৌশলী জ্যোতির মল্লিক, ডেপুটি জেনারেল ম্যানেজার চুয়াডাঙ্গা জোনাল অফিস কাজী মোছাঃ আয়েশ সিদ্দিকা সরকার, ডেপুটি জেনারেল ম্যানেজার আলমডাঙ্গা জোনাল অফিস মোঃ আবু হাসান, ডেপুটি জেনারেল ম্যানেজার গাংনী জোনাল অফিস মোঃ আনোয়ারুল আলম, ডেপুটি জেনারেল ম্যানেজার জীবননগর জোনাল অফিস পংকজ শিকদার, এজিএম মোঃ হাফিজুর রহমান, মোঃ ফরহাদ হোসেন, মোঃ হানিফ রেজা, মোঃ শামীম উদ্দিন, মোঃ নাজমুল হক, মোঃ আলমগীর হোসেন, নাজমুন নাহার জেরিন, মোহাম্মদ মুহাইমিনুন ইসলাম, ফ্লোরেন্ডা পারভীন, মোঃ তিতাস হোসেন, মোঃ আবু হেনা শফিক কামাল, নাজিম আহমেদ, মাহমুদ হাসান, মুন্নি আক্তার, সবুজ মোল্যা, মোহাঃ জাকির হোসেন, নির্বাহী প্রকৌশলী কাজী মনিরুজ্জামান, সহকারী প্রকৌশলী মোঃ মনজুরুল আলম জিহাদ।

এছাড়াও উপস্থিত ছিলেন পল্লী বিদ্যুৎ সমিতির পরিচালনা বোর্ডের সহ-সভাপতি ও এলাকা পরিচালক মোঃ গোলাম রসুল, সচিব ও এলাকা পরিচালক মোঃ তুষার আহমেদ, কোষাধাক্কা ও এলাকা পরিচালক ফয়জুল্লাহ হক, এলাকা হামিদুল হক, মোঃ আব্দুল মান্নান, মোঃ মনিরুজ্জামান, মোঃ রিয়াজ উদ্দিন, মোঃ শফিকুল আজম, মহিলা পরিচালক মোছাঃ কামরুন নাহার, রেহেনা পারভীন, শামীমা আফরোজ প্রমুখ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন এজিএম মোঃ তিতাস হোসেন ও ডাটা এন্টি অপারেটর শম্পা রায়।

গাংনীর সাহারবাটি ও নওয়াপাড়ার চার প্রতিষ্ঠানে জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি ও নওয়াপাড়া বাজারে ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করে চার ব্যবসায়ীর নিকট থেকে ১০ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

বুধবার দুপুর সাড়ে ১২ টার সময় মেহেরপুরের সহকারী পরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করেন।
অভিযানে হোটেল, মুদিখানা, ফলের দোকানসহ বেশকিছু নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়। এসময় নওয়াপাড়া বাজারে মেসার্স খুশি মিষ্টান্ন ভান্ডার নামক প্রতিষ্ঠানে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাবার তৈরি ও বিক্রয়ের অপরাধে এর মালিক মোঃ শিমুলকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪৩ ধারায় ১ হাজার টাকা, মেসার্স ভাই ভাই মিষ্টান্ন ভাণ্ডার নামক প্রতিষ্ঠানে অস্বাস্থ্যকরভাবে মিষ্টি ও অন্যান্য খাবার তৈরি, ফ্রিজে রেখে প্রচুর মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে মালিক মোঃ রহিদুল ইসলামকে ৪৩ ও ৫১ ধারায় ৬ হাজার টাকা, মেসার্স রকিবুল ফল ভান্ডারের মালিক মোঃ রকিবুল ইসলামকে মেয়াদ উত্তীর্ণ পণ্য দোকানে সংরক্ষণ ও বিক্রয়ের অপরাধে ৫১ ধারায় ১ হাজার টাকা, মেসার্স আরিফ স্টোরের মালিক মোঃ আরিফুল ইসলামকে একই অপরাধে ৫১ ধারায় ২ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে ৪টি প্রতিষ্ঠানকে মোট ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানে সহযোগিতায় ছিলেন জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) জনাব মোঃ তারিকুল ইসলাম ও গাংনী উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর জনাব মোঃ মশিউর রহমান এবং মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম।

বামুন্দিতে কেন্দ্র ঘোষীত পথযাত্রা সফল করতে ইউনিয়ন বিএনপির প্রস্তুতি সভা

১১ ফেব্রুয়ারি বিএনপির কেন্দ্র ঘোষিত ইউনিয়ন ইউনিয়ন পথযাত্রা সফল করতে বামুন্দি ইউনিয়ন বিএনপির প্রস্তুতি সভা অনুষ্ঠিত হযেছে।

আজ বুধবার বিকালে বামুন্দী মাদ্রাসা মাঠে বামুন্দি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল আউয়ালের সভাপতিত্বে সভাটি অনুষ্ঠিত হয়।

প্রস্তুতি সভায় অন্যদের উপস্থিত ছিলেন বামন্দি ইউনিয়ন বিএনপির সেক্রেটারি নওশাদ আলী, গাংনী পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা, উপজেলা কৃষক দলের যুগ্ন আহবায়ক শাওন, যুবদলের আহ্বায়ক চপল, স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক বাচ্চু, স্বেচ্ছাসেবক দলের যুগ্ম সাধারণ সম্পাদক সম্রাট বিশ্বাস, রামনগর বিএনপির সভাপতি ওয়াজেদ আলী, বিএনপি নেতা কায়কোবাদ, বামুন্দি ইউনিয়ন যুবদলের সভাপতি মাহিদুল ইসলাম কালু, নীশিপুর ওয়ার্ডের মেম্বার শাহ আলম সহ প্রায় ১৫০ শতাধিক বিএন পি নেতা কর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে আরডিআরএস এর ৫১ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

আরডিআরএস বাংলাদেশ এর ৫১ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করেছে মেহেরপুর আরডিআরএস শাখা

বুধবার বিকেলে (৮ ফেব্রুয়ারি) মেহেরপুর কলেজ মোড়ে আরডিআরএস শাখায় কেক কেটে ৫১ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর আরডিআরএস এর এলাকা ব্যবস্থাপক বিকাশ চন্দ্র রায়, শাখা ব্যবস্থাপক শংকর কুমার সরকার, শাখা হিসাব

রক্ষক রিনি সুলতানা, ক্ষুদ্র ঋণ সংগঠক লাভলী ইয়াসমিন, লীমা খাতুন ও শাওন ইসলাম প্রমুখ।

উল্লেখ্য, গত বছরের ৮ নভেম্বর ২০২২ সালে মেহেরপুর কলেজ মোড়ে আরডিআরএস ২৮৩ তম শাখার উদ্বোধন করা হয়।

মুজিবনগরে যোদ্ধাহত মুক্তিযোদ্ধা আব্দুস ছাত্তারের ইন্তেকাল

মুজিবনগরে যোদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা আব্দুস ছাত্তার ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্নাইলাহি রাজিউন)।

গতকাল মঙ্গলবার রাত সাড়ে দশটার দিকে নিজ বাসভবনে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন।

আজ বুধবার সকাল দশটার সময় রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান শেষে গৌরিনগর কবরস্হানে তার লাশ দাফন করা হয়।

বীর মুক্তিযোদ্ধা আব্দুর সাত্তার মুজিবনগর উপজেলার গৌরিনগর গ্রামের মৃত নছর আলীর ছেলে। বীর মুক্তিযোদ্ধা আব্দুস সাত্তার এর মরদেহকে জাতীয় পতাকা দ্বারা আচ্ছাদিত করে সন্মান প্রদর্শন করা হয় এবং পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানানো হয়।

এ সময় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস রাষ্ট্রের পক্ষে সালাম গ্রহন করেন। পরে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (তদন্ত) আব্দুল আলীমের নেতৃত্বে পুলিশের একটি চৌকস দল রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান করেন।

এ সময় মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবুল কালাম আজাদ,যোদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা আহসান আলী,বীর মুক্তিযোদ্ধা আলী হোসেন,আমজাদ হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।